

## চিল্ড্রেনস কমিশনার ফর ওয়েলস কে?

চিল্ড্রেনস কমিশনার ফর ওয়েলস হলেন কিথ টাওয়ার। কিথের কাজ হল শিশু এবং যুবাদের পাশে দাঁড়ানো এবং তাদের জন্য বলা। তিনি শিশু এবং যুবাদের সুরক্ষিত রাখতে এবং তাদের অধিকার সম্পর্কে তারা যাতে জানতে ও সেগুলো অর্জন করতে পারে তার জন্য কাজ করেন।

কিথকে তার সমস্ত কাজের ক্ষেত্রেই শিশুদের অধিকার এবং শিশুদের অধিকার সম্পর্কিত ইউনাইটেড নেশনস্ কনভেনশন বিবেচনা করতে হয়। এর অর্থ হল সেখানে বিস্তর কাজ, তার জন্য কিথকে সাহায্য করতে এক দল লোক আছে। তারা দুটো দপ্তর থেকে কাজ করে, একটি সোয়ানসিতে এবং অপরটি কলউইন বেতে।

## কেন ওয়েলসে আমাদের একজন চিল্ড্রেনস কমিশনার আছেন?

ওয়েলসে শিশুদের প্রতিষ্ঠানগুলো শিশুদের জন্য একটি কমিশনারের জন্য 10 বছরের বেশী সময় ধরে প্রচার চালিয়ে ছিল। ওয়েলসের জন্য ন্যাশানাল অ্যাসেসমেন্টে রাজনৈতিক নেতাদেরও এই ভাবনাটির উপর আগ্রহ ছিল। তারাও একজনকে চাইছিলেন যিনি শিশু এবং যুবাদের অধিকারের জন্য বলবেন এবং তাদের সুরক্ষিত রাখতে সাহায্য করবেন।

2000 সালের গোড়ার দিকে, শিশু অত্যাচারের উপর নর্থ ওয়েলসে চিল্ড্রেনস হোম বা শিশুদের জন্য অনাথ আশ্রমে দীর্ঘ জিজ্ঞাসাবাদের পর স্যার রোনাল্ড ওয়াটারহাউস তার রিপোর্ট, 'লস্ট ইন কেয়ার' প্রকাশ করেছিলেন। এইরকম ঘটনার পুনরাবৃত্তি বন্ধ করার জন্য চেষ্টা করতে তিনি ওয়েলসে একটি চিল্ড্রেন কমিশনারের সুপারিশ করেছিলেন। এটি প্রচারকে আরও জোরদার করেছিল এবং ওয়েস্টমিনিষ্টারে ইউকে গভর্নমেন্ট পদ সৃষ্টি এবং প্রয়োজনীয় ক্ষমতা প্রদান করতে আইন প্রণীত করেছিল।

আরো কিছু জানতে চান?

- [দ্য ন্যাশানাল এসেসমেন্ট ফর ওয়েলসেস প্রোপোজাল ফর এ চিল্ড্রেনস কমিশনার](#)
- [কেয়ার স্ট্যান্ডার্ডস অ্যাক্ট 2000](#)
- [চিল্ড্রেনস কমিশনার ফর ওয়েলস অ্যাক্ট 2001](#)
- অন্যান্য আইনের জন্য আপনি [এইখানেই](#) খুঁজতে পারেন